



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে জাতীয় বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ডিবেটিং সোসাইটির আয়োজনে দুই দিনব্যাপি '৩য় নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি জাতীয় বিতর্ক প্রতিযোগিতা-২০২৪' এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (৩১ মে ২০২৪) বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও আয়োজনের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর।

এ উপলক্ষে সকালে বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মো. ইদ্রিস অডিটোরিয়াম থেকে বর্ণাঢ্য একটি র্যালি বের করা হয়। পরে উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করেন। এসময় উপস্থিত ছিলেন নোবিপ্রবি ডিবেটিং সোসাইটির সভাপতি নাজমুল ইসলাম, সাধারণ সম্পাদক তুর্জয় চৌধুরী সহ নোবিপ্রবি ডিবেটিং সোসাইটির কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ ও শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ। আগামীকাল ১ জুন প্রতিযোগিতার ফাইনাল বিতর্ক ও সমাপনী অনুষ্ঠিত হবে, এতে প্রধান অতিথি থাকবেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী (এম.পি.)।

উল্লেখ্য, 'মগজে দূর করি মননের কলঙ্ক' স্লোগানকে প্রতিপাদ্য করে আয়োজিত প্রতিযোগিতায় দেশের ৩২টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। প্রথম দিনে চারটি পৃথক রাউন্ডে বিতর্ক অনুষ্ঠিত হয়।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।